

বিজিএ/কাস/২০২৪/১৭৬

০৫ অক্টোবর ২০২৪

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ গার্মেন্টস ম্যানুফ্যাকচারিং প্রতিষ্ঠানের বিভিন্ন প্রকার নমুনা (Sample) বিমানবন্দরে যাত্রী কর্তৃক হ্যাণ্ডকারীর মাধ্যমে আমদানীকে অনুৎসাহিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ প্রসঙ্গে।

সূত্রঃ কাস্টমস হাউস, ঢাকা'র নথি নং-৫-কাস-৮(১৭১৬)/বিচার/কমিঃ/২০২৪/১১৬২৪ তারিখঃ ২৯/০৯/২০২৪ইং


উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি কিছু কিছু রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্প প্রতিষ্ঠান বিভিন্ন প্রকার নমুনা (Sample) ব্যাগেজে বহন করে বিদেশ হতে আমদানি করতে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর ব্যবহার করছে বলে সূত্রোক্ত পত্রের মাধ্যমে জানা যায়। এতে করে উক্ত পণ্যের শুল্ক আরোপযোগ্য মূল্য ও যথাযথ শুল্ক কর নিরূপনে জটিলতা সৃষ্টির কারণে বিমান বন্দরে যাত্রী সেবার মান ব্যহত হচ্ছে মর্মে কাস্টমস হাউস, ঢাকা, বিজিএমইএ'কে অবহিত করেছে।

এরূপ পরিস্থিতিতে, অতিজরুরী নমুনাসমূহ বিমান বন্দরের পরিবর্তে ইন্টারন্যাশনাল এয়ার সার্ভিস ইউনিট (কুরিয়ার) সেবার মাধ্যমে আমদানি করার জন্য ঢাকা কাস্টমস হাউস অনুরোধ করেছে।

প্রয়োজনীয় কার্যার্থে সূত্রে বর্ণিত নথিটি এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

ধন্যবাদান্তে,


০৫/১০/২০২৪
মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •

অতি: ১৯৬৪ (বাংলাদেশ)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, ঢাকা
কুর্শিটোলা, ঢাকা-১২২৯
www.dch.gov.bd

ড্রাইপি/রেডি:

নথি নং: ৫-কাস-৮(১৭১৬)/বিচার/কমিঃ/২০২৪/১১.১২৬

তারিখ: ২^ন/০৯/২০২৪ খ্রি.

বিষয়: গার্মেন্টস ম্যানুফ্যাকচারিং প্রতিষ্ঠানের বিভিন্ন প্রকার নমুনা (Sample) আমদানির বিমানবন্দরে যাত্রী কর্তৃক হ্যান্ডকারীর মাধ্যমে আমদানী অনুসন্ধানিতকরণের লক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারারস এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ) এর আওতাধীন প্রতিষ্ঠানসমূহের বিভিন্ন প্রকার নমুনা (Sample) বিদেশ হতে আমদানির ক্ষেত্রে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ব্যবহার করা হচ্ছে। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিমানবন্দর হতে এ ধরনের নমুনা (Sample) যাত্রী কর্তৃক হ্যান্ডকারীর মাধ্যমে আমদানীর প্রবণতা বৃদ্ধি পাচ্ছে। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে শুধু যাত্রীগণের গমনাগমন সুবিধা নিশ্চিত করা হয়। এক্ষেত্রে ব্যাগেজে বহন করে শুধু আরোপযোগ্য পণ্য (নমুনা) বহন করা হলে উক্ত পণ্যের শুধু আরোপযোগ্য মূল্য ও যথাযথ শুদ্ধ-কর নিরূপণে জটিলতা সৃষ্টির কারণে বিমান বন্দরে নিরবিচ্ছিন্ন যাত্রী সেবার মান ব্যাহত হয়।

০৩। এ পরিস্থিতিতে, অতি জরুরি নমুনাসমূহ আমদানির ক্ষেত্রে বিমানবন্দরের পরিবর্তে ইন্টারন্যাশনাল এয়ার সার্ভিস ইউনিট (কুরিয়ার) সেবার মাধ্যমে আমদানি করার জন্য বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারারস এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ) এর সকল সদস্য প্রতিষ্ঠানকে সেনসিভাইজড করার জন্য বিশেষ ব্যবস্থা নেয়ার অনুরোধ করা হলো। একই সাথে বিষয়টি আপনার এসোসিয়েশনের আওতাধীন প্রতিষ্ঠানসমূহকে অবহিতকরণ ও সচেতনতা বৃদ্ধির অনুরোধ করা হলো। সর্বোচ্চ সংক্ষিপ্ত সময়ে আমদানি কার্যক্রম নিশ্চিত করে সরকারের রাজস্ব আদায়ে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

Sybil Khatun
২৯/০৯/২০২৪
সিফাত-ই-মরিয়ম
যুগ্ম কমিশনার
কমিশনারের পক্ষে

ই-মেইল: dch@nbr.gov.bd

সভাপতি ✓

বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারারস এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন
(বিজিএমইএ)
বিজিএমইএ কমপ্লেক্স, হাউস নং: ৭/৭এ, সেব্টর: ১৭, ব্লক: এইচ,
উত্তরা, ঢাকা-১২৩০।

নথি নং: ৫-কাস-৮(১৭১৬)/বিচার/কমিঃ/২০২৪

তারিখ: /০৯/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

- ০১। অতিরিক্ত কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা।
- ০২। যুগ্ম কমিশনার, ইনচার্জ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ০৩। পিএ টু কমিশনার, (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য) কাস্টমস হাউস, ঢাকা।

//
সিফাত-ই-মরিয়ম
যুগ্ম কমিশনার